# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 MARCH 2025** **7:45—7:55 PM IST**

=================================================================

আজকের বিশেষ বিশেষ খবর হল -

(১) মায়ানমার ও থাইল্যান্ডে আজ পরপর হওয়া দুবার ভূমিকম্পের ফলে কমপক্ষে তিনজন নিহত ও বহু লোক আহত হওয়ার আশঙ্কা/ আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতেও মৃদু ভূকম্পন অনুভূত/

(২) ৫৪ তম উত্তর-পূর্ব পুলিশ অ্যাকাদেমির সমাবর্তনে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রীর ৭০ জন ডেপুটি পুলিশ সুপারকে অভিনন্দন জ্ঞাপন/

(৩) কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ ভাতার আরো একটি কিস্তি মঞ্জুর/ এবং

(৪) আসাম বিধানসভার পাবলিক অ্যাকাউন্ট্স কমিটির সদস্য হিসেবে রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকার নির্বাচিত/

---------------------------------------------------------------------------------

মায়ানমার ও থাইল্যান্ডে আজ পরপর হওয়া দুবার বড় ধরণের ভূমিকম্পে কমপক্ষে তিনজন নিহত এবং বহুলোক আহত হয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে । রিক্টার স্কেলে সাত দশমিক সাত এবং ছয় দশমিক চার প্রাবল্যের এই দুটি ভূমিকম্পের কম্পন আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি, উত্তর বঙ্গ ছাড়াও চিনের দক্ষিণ-পশ্চিম অংশে অনুভূত হওয়ার খবর পাওয়া গেছে। এই ভূমিকম্পের ফলে দেশটির বিভিন্ন অঞ্চলে বেশকিছু ক্ষয়ক্ষতি হওয়ার খবর পাওয়া গেছে । সাঙ্গাই'এর পার্শ্ববর্তী এলাকায় অভিকেন্দ্র থাকা এই ভূমিকম্পের ফলে মায়ানমারের মাণ্ডালের'এ থাকা আভা সেতুটি

ইরাবতী নদীতে ভেঙে পড়া ছাড়াও বেশকয়েকটি বাড়িঘরের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার খবর পাওয়া গেছে । এইস্থান থেকে প্রায় ন'শো কিলোমিটার দূরে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককেও শক্তিশালী ভূমিকম্প অনুভূত হয়েছে । এরফলে ব্যাংককে নির্মিয়মান একটি বহুতল অট্টালিকা ধ্বংসস্তুপে পরিণত হয় । সেদেশের প্রতিরক্ষা মন্ত্রী সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে- এই ধ্বংসস্তুপ থেকে এপর্যন্ত  তিনজনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে । এছাড়াও ৯০ জন লোক সন্ধানহীন রয়েছেন।

এদিকে মায়ানমারের রাজধানী নেইপি-টাও এবং বাণিজ্যিক মহানগরী মন্ডালেই সহ রাজ্যের ছ'টি এলাকায় জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে । মায়ানমারের সামরিক প্রশাসন জুন্টা, এই ভয়াবহ পরিস্থিতির মোকাবিলার জন্য আর্ন্তজাতিক সম্প্রদায়ের কাছ থেকে সহায়তার আহ্বান জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ৫৪ তম উত্তর-পূর্ব পুলিশ একাডেমীর উপ- পুলিশ অধীক্ষক প্রশিক্ষার্থীদের সমাবর্তনে অংশগ্রহণ করে উত্তর-পূর্বে বর্তমানের মতো আগামী দিনেও শান্তির পরিবেশ বহাল থাকা সুনিশ্চিত করার ক্ষেত্রে তাঁদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করেন । মূখ্যমন্ত্রী তাঁর ভাষণে বলেন যে ১৯ জন মহিলা আধিকারিক সহ প্রশিক্ষণ সমাপ্ত করা আসামের মোট ৬২ জন আধিকারিকের মাধ্যমে রাজ্যের জেলা ও সমজেলা পর্যায়ে নিরাপত্তার দিকটি উন্নত করা ছাড়াও জনসাধারণের অনুকুল পুলিশ ব্যবস্থা গড়ে তোলা যাবে । ড.শর্মা আজ এই প্রশিক্ষণ পাঠ্যক্রম সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হওয়া ৭০ জন উপ-পুলিশ অধীক্ষককে শুভেচ্ছা জানান । তিনি আধিকারিকদের সাধারণ প্রয়োজনীয়তার প্রতি সংবেদনশীল থেকে অপরাধের বিরুদ্ধে সমবেত লড়াইয়ে অংশীদার হবার আহ্বান জানান ।

এই দীক্ষান্ত সমারোহে অংশগ্রহণের পর মূখ্যমন্ত্রী এক সাংবাদিক সম্মেলনে বর্ণিহাটের প্রদূষণ রোধ করার ক্ষেত্রে আসাম মেঘালয় সরকারের দায়বদ্ধতা ,উভয় রাজ্যের মধ্যে সম্প্রতি সীমান্ত সমস্যা সমাধানের প্রচেষ্টার বিষয়ে অবগত করেন ।

-----------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের আর্থিক বিধির সংশোধনীতে রাজ্য মন্ত্রীসভা গতকাল অনুমোদন জানিয়েছে । সে অনুসারে লেসী পঞ্চায়েতের অধীন হাট-বাজারগুলিতে এখন থেকে শাক সব্জী ,পান সুপারী ইত্যাদি বিক্রেতাদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে না । লেসী বাজারের স্থায়ী ব্যবসায়ীদের কাছ থেকে কর সংগ্রহ করতে পারবে

বলে সংশোধনীতে উল্লেখ করা হয়েছে । মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুসারে এখন থেকে বাজারের নতুন মহলদার বাছাইয়ের সময়েও পুলিশ ভেরিফিকেশন প্রয়োজন হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ ভাতার আরো একটি কিস্তি মঞ্জুর করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে এবছরের পয়লা জানুয়ারী থেকে কার্যকর হওয়া অতিরিক্ত ২ শতাংশ মহার্ঘ্য ভাতা মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এ নিয়ে কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ্য ভাতা মূল বেতনের ৫৩ শতাংশ হবে । সরকারের এই সিদ্ধান্তের ফলে সরকারী কোষাগার থেকে বছরে অতিরিক্ত ছয় হাজার ৬১৪ কোটি ৪০ হাজার টাকা ব্যয় হবে। এর দ্বারা প্রায় ৪৮ লক্ষ ৬৬ হাজার কর্মচারী এবং ৬৬ লক্ষ ৫৫ হাজার পেনশনার উপকৃত হবেন বলে এক সরকারী বিবৃতিতে জানানো হয়েছে।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আগামী পয়লা এপ্রিল থেকে ১৭ জুলাই পর্যন্ত স্বাস্থ্যমেলা অনুষ্ঠিত হবে । এরজন্য রাজ্যের স্বাস্থ্য বিভাগ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । স্বাস্থ্যমেলার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের বিভিন্ন সরকারী প্রকল্প ছাড়াও সংক্রামক রোগ শণাক্তকরণ ,রোগ পরীক্ষা ,খাদ্যাভ্যাস ,শরীর চর্চা ,যোগাভ্যাস ইত্যাদি সম্পর্কে জনসাধারণকে অবগত করানো হবে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের উদ্যোগে এবং ডিমা হাসাও জেলার স্বাস্থ্য বিভাগের সহযোগীতায়  আগামী পয়লা এপ্রিল হাফলং-এর সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে বিশেষ স্বাস্থ্য মেলা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার পাবলিক অ্যাকাউন্ট্‌স কমিটির সদস্য হিসেবে রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকারকে নির্বাচিত করা হয়েছে । বিধায়ক নুরুল হুদার সভাপতিত্বে পরিচালিত এই কমিটিতে লক্ষ্মীপুরের বিধায়ক কৌশিক রাই আগে সদস্য হিসেবে ছিলেন । তিনি মন্ত্রী পদের দায়িত্ব গ্রহণের পর এই আসনটি শূন্য হয়ে পড়ায় বিধায়ক শ্রী মালাকারকে এই দায়িত্ব দেওয়া হয়েছে । আসাম বিধানসভার সচিব দুলাল পেগু এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর কেন্দ্রীয় কারাগারে বন্দী একজন কয়েদীর মৃতদেহ আজ সকালে উদ্ধার করা হয়েছে । পুলিশ সূত্রে জানা গেছে যে- সাতাশ বছর বয়সী এই কয়েদীটি কাছাড় জেলার

নতুন কাঞ্চনপুর গ্রামের বাসিন্দা । উল্লেখ্য- প্রায় দুমাস আগে শিলচর ন্যাশনেল হাইওয়ে পুলিশ চৌকির আওতায় গরু চুরির একটি মামলার সঙ্গে জড়িত সন্দেহে এই যুবককে পুলিশ গ্রেপ্তার করে হাজতে পাঠায়। জেল পুলিশ আজ সকালে এই কয়েদীর মৃতদেহ প্রত্যক্ষ করার সঙ্গে সঙ্গে নিকটবর্তী তারাপুর পুলিশ আউটপোস্টকে এই বিষয়ে অবগত করে । তারাপুর থানার পুলিশ ম্যাজিস্ট্রেটকে সঙ্গে নিয়ে শিলচরের কেন্দ্রীয় কারাগারে গিয়ে মৃতদেহটির মরণোত্তর পরীক্ষার জন্য শিলচর মেডিকেল কলেজে পাঠায় । পুলিশ এই ঘটনাটি সম্পর্কে তদন্ত অব্যাহত রেখেছে ।

এদিকে শিলচর কেন্দ্রীয় কারাগারের সহকারী কারারক্ষক সুরজিৎ দাস জানিয়েছেন যে- গত ছয়ই ফেব্রুয়ারি গরুচুরির মামলায় এই যুবকটি কারাগারে বিচারাধীন কয়েদী হিসেবে ছিল । তার আত্মহত্যার কারণের ব্যাপারে তিনি কোনো তথ্য দিতে পারেননি । মৃতদেহের ময়না তদন্ত সহ তা তার পরিবারের কাছে সমঝে দেওয়া পর্যন্ত যাবতীয় কাজ কারাগার কর্তৃপক্ষ করছে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

আসন্ন ঈদ-উল-ফিতর উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপনের বিষয়টি নিশ্চিত করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলার ঈদগাহ্ কমিটিগুলির কর্মকর্তাদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদারের পৌরহিত্যে অনুষ্ঠিত এই সভায় তিনি এই উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপন করতে সকলের সহযোগিতা চেয়েছেন । সভার সিদ্ধান্ত অনুসারে- পুলিশ বিভাগ থেকে জেলার প্রতিটি ঈদগাহ্, বিশেষ করে শ্রীভূমি শহরের সেটেলমেন্ট রোড, শ্রীগৌরী, বদরপুর টাউন ঈদগাহ্, দেউলিটিলা, আসিমগঞ্জ ইত্যাদি স্থানে ঈদের নামাজে জনসমাগম বেশি হওয়ার সম্ভাবনার প্রতি লক্ষ্য রেখে পর্যাপ্ত পুলিশ বাহিনী মোতায়েন করা হবে । উৎসবের সময় জনস্বাস্থ্য কারিগরি বিভাগ থেকে দিনে তিনবার জল সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করার আহ্বান জানানো হয় । পাশাপাশি সেটেলমেন্ট টাউন ঈদগাহ্ এবং দেওলিটিলা ঈদগাহে পানীয় জলের ব্যবস্থা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । বিদ্যুৎ বিভাগ থেকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এছাড়া সব ঈদগাহ্ এবং মসজিদ কমিটিকে যানবাহন চলাচল ও ভীড় নিয়ন্ত্রণে ভলান্টিয়ার নিয়োগ করতে বলা হয়েছে । শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রতিটি রাজস্ব চক্রের চক্র আধিকারিকদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যান ,সংখ্যালঘু কল্যান এবং উন্নয়ন বিভাগের মন্ত্রী নন্দিতা গারলোসা আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে জেলা আয়ুক্ত

প্রদীপ কুমার দ্বিবেদী সহ অন্যান্য বিভাগীয় আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে স্বাস্থ্য বিভাগ থেকে গর্ভবতী মহিলাদের রেজিষ্ট্রেশন , টীকাকরন , আয়রন ফোলিক এসিড , শিশুদের টীকাকরন , নিক্ষয় মিত্র ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । এদিকে বৈঠকে জেলায় মাতৃ মৃত্যু হ্রাস পাওয়া এবং শিশু মৃত্যুর মতো সমস্যা নিয়ে আলোচনা করে মন্ত্রী শ্রীমতি গারলোসা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে বিভাগীয় আধিকারীকদের নির্দেশ দিয়েছেন । এছাড়া বৈঠকে জল জীবন মিশন বাস্তবায়ন , প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীন ) , প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সহ এ পি ডি সি এল-এর কাজের পর্যালোচনা নিয়ে আলোচনা করা হয়েছে । আজকের বৈঠকে বিধায়ক বিজয় মালাকার , জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং , অতিরিক্ত আয়ুক্ত উদয় শংকর দত্ত ,মির্নাভা দেবী আরমবাম প্রমূখ অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার চন্দ্রনাথপুর রেল স্টেশনের নিকটে আজ সকাল ৯টা নাগাদ এক যুবকের মৃতদেহ উদ্ধার করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন মানসিক রোগে আক্রান্ত মৃত যুবকের নাম মনা রিকিয়াশন । বদরপুর রেল পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ইন্ডিয়া ক্লাব পরিচালিত অনূর্দ্ধ ১৯ একাডেমী ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতায় আজ শিলচর ডি এস এ একাডেমী // হাইলাকান্দি ব্লাড মাউথ ক্রিকেট একাডেমীর বিরুদ্ধে সাত উইকেটে জয়লাভ করেছে ।

শিলচর ডি এস এ একাডেমী আজ টসে জিতে প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় । প্রথম ব্যাট করতে নেমে হাইলাকান্দি ব্লাড মাউথ ক্রিকেট একাডেমী ১০ উইকেট হারিয়ে ১২৬ রাণ সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে শিলচর ডি এস এ একাডেমী তিন উইকেট হারিয়ে ১৩০ রাণ সংগ্রহ করে ।

---------------------------------------------------------------------------------------

দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনূর্দ্ধ ১৪ আন্তঃজেলা ক্রিকেটের দক্ষিণ আসাম জোনের বি গ্রুপের মাচ আজ থেকে শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামে শুরু হয়েছে । আজ হাইলাকান্দি ও ওয়েস্ট কার্বি আংলংয়ের মধ্যে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় । প্রথমে হাইলাকান্দি টসে জিতে ব্যাট করতে নেমে ৯ উইকেট হারিয়ে ২৯৫ রাণ সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে ওয়েস্ট কার্বি আংলং ১০ উইকেট হারিয়ে মাত্র ৪৮ রাণ সংগ্রহ করতে সক্ষম হয় । ফলে ২৪৭ রাণের বিশাল ব্যবধানে হাইলাকান্দি জয়লাভ করে ।